নির্বাচনকে সফল করতে কমনওয়েলথের সহায়তা কামনা প্রধান উপদেষ্টার



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনকে ঘিরে আন্তর্জাতিক সহযোগিতা জোরদারের অংশ হিসেবে কমনওয়েলথের সহায়তা কামনা করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস।

আজ (২৪ নভেম্বর) সোমবার যমুনা রাষ্ট্রীয় অতিথি ভবনে কমনওয়েলথ মহাসচিব শার্লি বচওয়ের সঙ্গে আলোচনায় তিনি জানান, অন্তর্বর্তী সরকার এমন একটি ভোট আয়োজন করতে চায়, যেখানে অংশগ্রহণ, স্বচ্ছতা ও শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত থাকবে।

মহাসচিব বচওয়ে বৈঠকে বলেন, নির্বাচন প্রক্রিয়ায় কমনওয়েলথ প্রয়োজনীয় সহায়তা দিতে প্রস্তুত এবং পর্যবেক্ষক দল পাঠানোর পরিকল্পনাও নেওয়া হয়েছে।

তিনি আরও উল্লেখ করেন, ৫৬ দেশের সংগঠনটি অর্থনীতি, উন্নয়ন ও প্রশাসনিক সক্ষমতার দিক থেকে সমৃদ্ধ; বাংলাদেশ চাইলে এই নেটওয়ার্ক থেকে উল্লেখযোগ্য সুবিধা পেতে পারে।

ঢাকায় অবস্থানকালে তিনি বিচার বিভাগ, সরকারের উপদেষ্টা পরিষদ ও নির্বাচন কমিশনের প্রতিনিধিদের সঙ্গে পৃথকভাবে কথা বলেছেন এবং বাংলাদেশের অগ্রগতির সম্ভাবনা নিয়ে ইতিবাচক মন্তব্য করেন।

আলোচনায় যুবসমাজের দক্ষতা উন্নয়ন, ব্যবসায়িক উদ্ভাবন, সামাজিক উদ্যোগ এবং বেকারত্ব ও বৈষম্য কমানোসহ ‘থ্রি-জিরো’ ধারণা বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়েও মতবিনিময় হয়।

LENS ASIA